

স্মারক নম্বর: ০৫.৪১.৪৮০০.০২৬.১১.০০৪.১৭.১৫৮

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৫

৩০ আগস্ট ২০১৮

বিষয়: উপজেলার পোর্টালসমূহ ও ইউনিয়ন পোর্টালসমূহের তথ্যাদি শতভাগ হালনাগাদকরণ

সূত্র: এ কার্যালয়ের গত ০২ জুলাই ২০১৮ তারিখের ০৫.১২.৪৮০০.০২৬.০৪.০০২.২০১২-৯১ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, পোর্টালে তথ্য হালনাগাদকরণ ও সমৃদ্ধকরণের লক্ষ্যে সূত্রস্থ স্মারকের পত্র অনুযায়ী তাঁর উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের একজন করে উদ্যোক্তাকে গত জুলাই ২০১৮ মাসে ০২ (দুই) দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ সমাপনান্তে নিজ নিজ ইউনিয়নের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের জন্য প্রত্যেক উদ্যোক্তাকে পরামর্শ প্রদান করা হয়। ইতোপূর্বে পোর্টাল হালনাগাদকরণের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে পত্র, ই-মেইল এবং ভিডিও কনফারেন্সের মাধ্যমে একাধিকবার নির্দেশনা প্রেরণ করা হয়। কিন্তু পোর্টালসমূহ পর্যালোচনায় দেখা যায় তাঁর উপজেলার উপজেলা ওয়েব পোর্টাল (উপজেলা ভূমি অফিসের পোর্টালসহ) ও ইউনিয়ন ওয়েব পোর্টালে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের তথ্যসহ অন্যান্য তথ্যসমূহে ভাষাগত ত্রুটি/কোন কোন লিংকে কোন তথ্য নেই। এতে পোর্টালের মাধ্যমে সেবাগ্রহীতাগণ হালনাগাদ তথ্য প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে। ফলে এ জেলার ভাবমূর্তি অক্ষুণ্ন রাখার স্বার্থে পোর্টাল হালনাগাদকরণ কার্যক্রমে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে দ্রুত অগ্রগতি আনয়ন করা প্রয়োজন।

বর্ণিতাবস্থায়, তাঁর উপজেলার উপজেলা ওয়েব পোর্টাল (উপজেলা ভূমি অফিসের পোর্টালসহ) ও সকল ইউনিয়ন ওয়েব পোর্টালের সকল ধরনের মেন্যু/লিংকসমূহের তথ্যাদি শতভাগ হালনাগাদ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। অন্যথায় এ সংক্রান্ত ব্যর্থতার দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের বহন করতে হবে। উল্লেখ্য, পোর্টাল হালনাগাদকরণে এ জেলায় কর্মরত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামারগণের নিকট হতে কারিগরি সহযোগিতা নেয়া যেতে পারে।

বিষয়টি অতীব জরুরি।

৩-৯-২০১৮

মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী

জেলা প্রশাসক

উপজেলা নির্বাহী অফিসার (সকল), কিশোরগঞ্জ


স্মারক নম্বর: ০৫.৪১.৪৮০০.০২৬.১১.০০৪.১৭.১৫৮/১(৯)

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৫

৩০ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৩) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৪) প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
- ৫) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ



৩-৯-২০১৮

মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী
জেলা প্রশাসক